গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৩.২৪-৩৭১

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ / ০৬ মে ২০২৫

**বিষয়ঃ পরিবেশসম্মতভাবে বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত।**

সূত্রঃ সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ডিও নং-২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-১০২, তারিখ: ১০ এপ্রিল ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের বায়ুদূষণ রোধে মাতুয়াইল ও আমিনবাজার ডাম্পিং সাইটে যাতে উন্মুক্তভাবে বর্জ্য (জৈব পচনশীল ও প্লাস্টিক বর্জ্য) পোড়ানো না হয় এবং বর্জ্যসমূহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর আলোকে পরিবেশসম্মতভাবে ব্যবস্থাপনা করা হয় সে বিষয়ে সূত্রোস্থ ডিও পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, বায়ুদূষণ রোধে উন্মুক্তভাবে বর্জ্য (জৈব পচনশীল ও প্লাস্টিক বর্জ্য) না পোড়ানো এবং বর্জ্যসমূহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর আলোকে পরিবেশসম্মতভাবে ব্যবস্থাপনা করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মাহবুবা আইরিন)
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
....................সিটি কর্পোরেশন (সকল)।
২। প্রশাসক
.............পৌরসভা (সকল)।

**অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৪। যুগ্মসচিব (পৌরসভা-১), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব (পৌরসভা-২), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৭। প্রশাসকের একান্ত সচিব, ............................ সিটি কর্পোরেশন/পৌরসভা (সকল)।
৮। অফিস কপি।

১৫৮

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Secretary
Ministry of Environment, Forest & Climate Change
Govt. of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000

ডিও নং-২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-১০২

২৭ চৈত্র ১৪৩১
১০ এপ্রিল ২০২৫

প্রিয় মাহেদী, শুভেচ্ছা এবং সালাম জানবেন।

আপনি অবগত আছেন যে, শুষ্ক মৌসুমে দক্ষিণ এশিয়ার অন্যান্য শহরের ন্যায় ঢাকা শহরের বায়ুদূষণের মাত্রা বৃদ্ধি পায়। বৃহত্তর ঢাকার পরিবেষ্টক বাতাসে (Ambient Air) বায়ুদূষণের মূল উপাদান PM2.5 এর বার্ষিক মান ৯০-১০০ মাইক্রোগ্রাম/ঘনমিটার এবং দেশের অন্যান্য এলাকায় বার্ষিক মান ৬০ থেকে ১০০ মাইক্রোগ্রাম/ঘনমিটার থাকে, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত মাত্রা থেকে বহুগুণ বেশি। এর ফলে ফুসফুসের বিভিন্ন ক্ষতিকর রোগসহ জীবননাশের হুমকি রয়েছে। গবেষণায় দেখা যায়, বায়ুদূষণের কারণে ২০১৯ সালে দেশের জিডিপির প্রায় ৮.৩% ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এতে জনস্বাস্থ্যের ব্যাপক ক্ষয়ক্ষতিসহ মানুষের গড় আয়ু বৃদ্ধির উপর নেতিবাচক প্রভাব পড়ছে। বর্তমানে বায়ুদূষণের অন্যতম প্রধান উৎস হিসেবে যানবাহন হতে নির্গত কালো ধোঁয়া, নির্মাণ সামগ্রী হতে সৃষ্ট ধুলাবালি, ইটভাটার ধোঁয়া ইত্যাদির পাশাপাশি অপর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনা, উন্মুক্তভাবে গাছের লতা-পাতা ও বর্জ্য পোড়ানো থেকে নির্গত ধোঁয়া-কেও বিবেচনা করা হচ্ছে।

২। ঢাকা শহরে প্রতিদিন প্রায় ৬ হাজার ২৫০ মেট্রিক টন বর্জ্য উৎপন্ন হয়, যা সিটি করপোরেশনের আওতাধীন আমিনবাজার ও মাতুয়াইলে অপসারণ করা হয়। বিভিন্ন সময়ে পরিদর্শনে দেখা গেছে যে, মাতুয়াইল ও আমিনবাজার ডাম্পিংয়ে উন্মুক্তভাবে বর্জ্য (জৈব পচনশীল ও কঠিন বর্জ্য) পোড়ানো হচ্ছে, যা মানবদেহের জন্য অত্যন্ত ক্ষতিকর ধোঁয়ার সৃষ্টি করছে। উন্মুক্তভাবে বর্জ্য পোড়ানোর ফলে বিষাক্ত ধোঁয়ায় স্থানীয় জনসাধারণ শ্বাসকষ্টসহ ফুসফুসের বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। বর্জ্য পোড়ানোর ধোঁয়া থেকে পরিত্রাণ পাওয়ার জন্য স্থানীয় জনসাধারণ বিভিন্ন সময়ে এ মন্ত্রণালয়ে অভিযোগ জানিয়ে আসছে। **এ পরিপ্রেক্ষিতে গত ০৫ এপ্রিল ২০২৫ তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সশরীরে মাতুয়াইল ডাম্পিং এলাকা পরিদর্শন করেন এবং উন্মুক্তভাবে বর্জ্য পোড়ানোর অভিযোগের সত্যতা পান।**

৩। উল্লেখ্য, বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি-১২ মোতাবেক বর্জ্য বা উহার কোন অংশ যত্রতত্র খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানোর বিষয়ে কঠোর বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। এছাড়া, বিধি-১০ এ উল্লেখ করা হয়েছে, "স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও নির্মাণ কার্য নিয়ন্ত্রনকারী সংস্থা এই বিধিমালায় নির্ধারিত মানমাত্রা, নিয়ন্ত্রণ পদ্ধতি এবং জাতীয় বায়ুমান ব্যবস্থাপনা পরিকল্পনায় সুপারিশকৃত কর্মপদ্ধতিসমূহ মানিয়া চলিবে"।

৪। অধিকন্তু, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধি-১০ এ পরিবেশ বান্ধব বর্জ্য ব্যবস্থাপনায় স্থানীয় সরকার কর্তৃপক্ষের কার্যক্রম বিশদভাবে উল্লেখ রয়েছে। বিধি-১০ (১৯) এ পরিবেশবান্ধব ও স্বাস্থ্যসম্মত উপায়ে বর্জ্য ব্যবস্থাপনার জন্য উক্ত বিধিমালার তফসিল ২ ও ৩ এ বর্ণিত পদ্ধতি ও মানমাত্রা অনুসরণের জন্য নির্দেশনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ এর আওতায় ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বর্ণিত দু'টি ডাম্পিং সাইটে এই মুহূর্তে উন্মুক্তভাবে বর্জ্য পোড়ানো বন্ধ করা একান্ত প্রয়োজন। সে সাথে বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ অনুসরণপূর্বক স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক কঠিন বর্জ্য প্রক্রিয়াকরণ, পুনর্ব্যবহার উপযোগীকরণ ও চূড়ান্ত পরিত্যজনের (Disposal) কার্যক্রম গ্রহণ করা অত্যন্ত জরুরি।

৫। বর্ণিতাবস্থায়, ঢাকা শহরের বায়ুদূষণ রোধে মাতুয়াইল ও আমিনবাজার ডাম্পিং সাইটে যাতে উন্মুক্তভাবে বর্জ্য (জৈব পচনশীল ও প্লাস্টিক বর্জ্য) পোড়ানো না হয় এবং বর্জ্যসমূহ যেন কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর আলোকে পরিবেশসম্মতভাবে ব্যবস্থাপনা করা হয় সে বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাশ)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ১৭৭
তারিখ ৯/৪/২৫
স্বাক্ষর

ড. ফারহিনা আহমেদ
সচিব

জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৬, (১৪ তলা), ঢাকা-১০০০
ফোনঃ +৮৮-০২-৯৫৪০৪৮১, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৪০২১০
ই-মেইল: secretary@moef.gov.bd ওয়েবসাইট : www.moef.gov.bd